

৭টি শিক্ষা প্রতিষ্ঠানে সিকোর নেটওয়ার্কিং প্রোগ্রাম চালু

কাগজ প্রতিবেদক: বিশ্বব্যাপ্ত সিকোর সিস্টেম বাংলাদেশের ৭টি প্রযুক্তি ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের মাধ্যমে আন্তর্জাতিক নেটওয়ার্কিং একাডেমি প্রোগ্রাম চালু করবে। প্রতিষ্ঠানগুলো হলো আইসানুভাহ ইউনিভার্সিটি অফ সায়েন্স এন্ড টেকনোলজি, বাংলাদেশ ইনস্টিটিউট অফ টেকনোলজি (বিআইটি) ঢাকা, বিআইটি চট্টগ্রাম, বিআইটি খুলনা, বিআইটি রাজশাহী, ব্র্যাক ইউনিভার্সিটি ঢাকা এবং শাহজালাল ইউনিভার্সিটি অফ সায়েন্স এন্ড টেকনোলজি সিলেট।

এ উপলক্ষে গতকাল হোটেল শেরাটনে আয়োজিত এক সংবাদ সম্মেলনে সিকোর সিস্টেমস মার্ক অঞ্চলের প্রেসিডেন্ট মনোজ চূঘ বলেন, সিকোর আন্তর্জাতিক নেটওয়ার্কিং একাডেমি প্রোগ্রাম প্রথম চালু হয় বাংলাদেশ ইউনিভার্সিটি অফ ইঞ্জিনিয়ারিং এন্ড

টেকনোলজিতে (বুয়েট)। বুয়েটের এ প্রোগ্রাম সফলভাবে সম্পন্নকারীরা নয়া ঘোষিত একাডেমিগুলোর শিক্ষকদের প্রশিক্ষণ দেবেন। ৪টি সেমিস্টারে বিভক্ত প্রোগ্রামটির মেয়াদকাল ২৮০ ঘণ্টা। এ প্রোগ্রামের কারিকুলামের মধ্যে রয়েছে দেশীয় ও আন্তর্জাতিক প্রতিষ্ঠানের উপযোগী নেটওয়ার্কিং নকশা প্রণয়ন, স্থাপন ও রক্ষণাবেক্ষণ। প্রতি বছর এসব একাডেমি থেকে সার্ভে ডিপ্লোমা নেটওয়ার্ক প্রফেশনাল বের হবে বলে আশা করা যাচ্ছে।

চলতি বছরের শেষ নাগাদ বিশেষ প্রায় ১৪ লাখ নেটওয়ার্ক প্রফেশনালের চাহিদা সৃষ্টি হবে বলে ধারণা করা হয়। বাংলাদেশ এ পর্যন্ত ২৪০ জন সিকোর সার্টিফাইড প্রফেশনাল রয়েছে। আগামী ২০০৫ সাল নাগাদ এর লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে ২ হাজার জন।

মনোজ চূঘ বলেন, বাংলাদেশ নেটওয়ার্কিং একাডেমি স্থাপনের জন্য সিকোর ইউনিভার্সিটি নেশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম (ইউএনডিপি) ও এশিয়া প্যাসিফিক ডেভেলপমেন্ট ইনফরমেশন প্রোগ্রামের (এপিডিআইপি) সঙ্গে অংশীদারিত্বে কাজ করছে। বাংলাদেশের প্রথম একাডেমি বুয়েট সিকোর, ইউএনডিপি ও এপিডিআইপির যৌথ প্রচেষ্টার ফসল।

সিকোর ১৯৯৮ সাল থেকে বাংলাদেশে কার্যক্রম পরিচালনা করছে। দেশের ব্যাংক, সেবা প্রদানকারী সংস্থা, শিক্ষা, পর্যটন, আইএসপি প্রতিষ্ঠান, এনজিও ইত্যাদি সিকোর অন্যতম গ্রাহক।

বিশ্বের ৬৭টি দেশে অবস্থিত সিকোর কার্যালয়ে ৩৫ হাজার জন কর্মরত রয়েছে। গত বছর সিকোর ১ হাজার ৯০০ কোটি টাকা আয় করেছে। অন্য ১০টি প্রধান প্রতিষ্ঠানের যেখানে প্রতি বছর ৪৪ শতাংশ হারে আয় কমছে, সেখানে সিকোর বাড়ছে ১২ শতাংশ হারে।

আজ থেকে হোটেল শেরাটনে দুদিনব্যাপী কোম্পানির উৎপাদিত যন্ত্রপাতি প্রদর্শনী শুরু হবে বলে সিকোর আঞ্চলিক প্রধান জানান।